



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-০১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.১৭৭.২০১৫- ৪৭২


তারিখ: ১৪ আষাঢ় ১৪২৮।  
২৮ জুন ২০২১।

**বিষয়: সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলা পরিষদের দক্ষিণ-পশ্চিম পার্শ্বে সীমানা প্রাচীর নির্মাণ, প্রাসাইডিং এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেন সংস্কারের প্রশাসনিক অনুমোদন।**

সূত্র: উপজেলা পরিষদ কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা-এর স্মারক নং-৫০; তারিখ: ০৮ জুন ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলা পরিষদের প্রস্তাব অনুযায়ী পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮ এবং এ সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে ১৫,৩০,৫৯৭/- (পনের লক্ষ ত্রিশ হাজার পাঁচশত সাতানব্বই) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্র: নং	প্রকল্পের নাম	প্রাক্কলিত মূল্য
০১	উপজেলা পরিষদের দক্ষিণ-পশ্চিম পার্শ্বে সীমানা প্রাচীর নির্মাণ,	৬,৯৫,৭৫০/-
০২	উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরের প্রাসাইডিংকরণ।	৭,১৬,৫২৪/-
০৩	উপজেলা পরিষদের অভ্যন্তরে ড্রেন সংস্কার।	১,১৮,৩২৩/-
	সর্বমোট	১৫,৩০,৫৯৭/-

  
মমতাজ বেগম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৬২২৪৭  
E-mail: lgdupazila1@lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার  
শ্যামনগর, সাতক্ষীরা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।